# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৫৩

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৫৭. ঈদের নামাযের তাকবীর।

باب التَّكْبِيرِ فِي الْعِيدَيْنِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ، وَابْنُ أَبِي زِيَادٍ، ـ الْمَعْنَى قَرِيبٌ ـ قَالاَ حَدَّثَنَا زَيْدٌ، ـ يَعْنِي ابْنَ حُبَابٍ ـ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ ثَوْبَانَ، عَنْ أَبِيهِ، عَنْ مَكْحُولٍ، قَالَ أَخْبَرَنِي أَبُو عَائِشَةَ، جَلِيسٌ لأَبِي هُرَيْرَةَ أَنَّ سَعِيدَ بْنَ الْعَاصِ، سَأَلَ أَبَا مُوسَى الأَشْعَرِيَّ وَحُذَيْفَةَ بْنَ الْيَمَانِ كَيْفَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُكَبِّرُ فِي الأَضْحَى وَالْفِطْرِ فَقَالَ أَبُو مُوسَى كَانَ يُكَبِّرُ أَرْبَعًا تَكْبِيرَهُ عَلَى الْجَنَائِزِ . فَقَالَ حُذَيْفَةُ صَدَقَ . فَقَالَ أَبُو مُوسَى كَذَلِكَ كُنْتُ أُكَبِّرُ فِي الْبَصْرَةِ حَيْثُ كُنْتُ عَلَيْهِمْ . وَقَالَ أَبُو عَائِشَةَ وَأَنَا حَاضِرٌ سَعِيدَ بْنَ الْعَاصِ .

বাংলা

১১৫৩. মুহাম্মদ ইবনুল আলা (রহঃ) ..... সাঈদ ইবনুল আস (রাঃ) হতে বর্ণিত। তিনি আবু মুসা আল-আশআরী (রাঃ)-কে এবং হুযায়ফা ইবনুল ইয়ামান (রাঃ)-কে জিজ্ঞেস করেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈদুল ফিতর ও ঈদুল আযহার তাকবীর কিরূপে আদায় করতেন। তিনি (আবু মূসা) বলেন, তিনি জানাযার নামাযে চার তাকবীর আদায় করতেন (অর্থাৎ তিনি জানাযার নামাযের অনুরূপ ঈদের নামাযের প্রতি রাকাতে চারটি তাকবীর বলতেন এবং তা তাহ্‌রীমা ও রুকুর তাকবীর সহ।)। হুযায়ফা (রাঃ) বলেন, আবু মূসা আল-আশআরী সত্য বলেছেন। তিনি বলেন, আমি বসরার আমির থাকাকালে এইরূপে তাকবীর দিয়েছি।

রাবী আবু আয়েশা বলেন, সাঈদ ইবনুল আস (রাঃ) ও আবু মুসা (রাঃ)-এর মধ্যে কথোপকথনকালে আমি সেখানে উপস্থিত ছিলাম।

## English

Abu 'Aishah said:
Sa'id b. al-'As asked Abu Musa al-Ash'ari and Hudhaifah b. al-Yaman: How would the Messenger of Allah (ﷺ) utter the takbir (Allah is most great) in the

prayer of the day of sacrifice and of the breaking of the fast. Abu Musa said: He uttered takbir four times as he did at funerals. Hudhaifah said: He is correct. Then Abu Musa said: I used to utter the takbir in a similar way when I was the governor of Basrah. Abu 'Aishah said: I was present there when Sa'id b. al-'As asked.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=32018

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন